**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

কৃষি মন্ত্রণালয়

প্রশাসন-১ শাখা

www.moa.gov.bd

**কৃষি মন্ত্রণালয়ের ডিসেম্বর, ২০২২ এর মাসিক অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: সায়েদুল ইসলাম<br>সচিব<br>কৃষি মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ২৮ ডিসেম্বর, ২০২২; বেলা ০২:৩০ টা |
| স্থান | : | কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিত কর্মকর্তাদের তালিকা | : | পরিশিষ্ট-'ক' |

২.০ আলোচনা ও সিদ্ধান্ত:

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। শুরুতেই গত ৩০ নভেম্বর, ২০২২ তারিখ অনুষ্ঠিত মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণীতে কোনো প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সভার আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র.নং | বিষয়, বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.০১ | **শাখা/অধিশাখা পরিদর্শন প্রতিবেদন এবং পত্র নিষ্পত্তির তথ্য** | | |
| | ১। অনুবিভাগ পর্যায়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রশাসন-১ শাখায় প্রেরণ করা হচ্ছে। | ১। প্রত্যেক অনুবিভাগের সমন্বয় সভার কার্যবিবরণী ও পত্র নিষ্পত্তির তথ্য, শাখা পরিদর্শন প্রতিবেদন প্রতি মাসের ১০ তারিখের মধ্যে আবশ্যিকভাবে ই-ফাইল/ই-মেইল (admin1@moa.gov.bd) এর মাধ্যমে প্রশাসন-১ শাখায় প্রেরণ করতে হবে। | সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| | ২। শাখা/অধিশাখা হতে তথ্য পাওয়া গেলে তা প্রেজেন্টেশনে উপস্থাপন করা হবে। | ২। শাখা/অধিশাখায় দুই সপ্তাহের অধিককাল অনিষ্পন্ন পত্র থাকলে সভায় বিস্তারিত তথ্য উপস্থাপন করতে হবে। | উপসচিব (প্রশাসন-১) |
| | ৩। গত সমন্বয় সভার পর ০৭ (সাত) জন কর্মকর্তার নিকট হতে শাখা/অধিশাখার পরিদর্শন প্রতিবেদন পাওয়া গেছে। | ৩। নির্ধারিত প্রমাপ অনুযায়ী শাখা পরিদর্শন অব্যাহত রাখতে হবে এবং শাখা পরিদর্শন সংখ্যা (**প্রত্যেক মাসে ০৯টি**) বৃদ্ধি করতে হবে। | সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| | ৪। পরিদর্শন প্রতিবেদন প্রেজেন্টেশনে উপস্থাপন করা হবে। | ৪। শাখা পরিদর্শন ও বিদেশ ভ্রমনের পরিদর্শন প্রতিবেদনের পর্যবেক্ষণ প্রত্যেক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | উপসচিব (প্রশাসন-১/৩)/ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| | **প্রশাসন অনুবিভাগ** | | |
| ২.০২ | **'বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ট্রাস্ট তহবিল পরিচালনা বিধিমালা, ২০২১' প্রণয়ন এবং 'বঙ্গবন্ধু কৃষি পুরস্কার ১৪২৫ ও ১৪২৬' প্রদান** | | |
| | ১। 'বঙ্গবন্ধু' জাতীয় কৃষি পুরস্কার ট্রাস্ট তহবিল পরিচালনা বিধিমালা, ২০২১' এর চূড়ান্ত খসড়া বিধিমালার উপর মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ও ড. আতিউর রহমান, | ১। 'বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ট্রাস্ট তহবিল পরিচালনা বিধিমালা, ২০২১' দ্রুত চূড়ান্ত করতে হবে এবং | |

| ক্র.নং | বিষয়, বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | সদস্য, বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ট্রাস্টি বোর্ড-এর মতামত পাওয়া গেছে। অন্যান্য ট্রাস্টি বোর্ডের সদস্যগণের মতামত প্রেরণের জন্য ০১/১২/২০২২ ও ২১/১২/২০২২ তারিখে ই-মেইলের মাধ্যমে তাগিদ প্রদান করা হয় এবং ফোনে যোগাযোগ করা হয়।<br><br>২। ইতোমধ্যে বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ১৪২৭ ও ১৪২৮ বঙ্গাব্দ এর জন্য ৩০৩টি মনোনয়ন পাওয়া গেছে। শীঘ্রই উপ-বাছাই কমিটির সভা অনুষ্ঠিত হবে। | যাদের মতামত পাওয়া যায়নি তাঁদের তাগিদপত্র দিতে হবে।<br><br>২। 'বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ১৪২৭ ও ১৪২৮' পদক প্রদান অনুষ্ঠান আয়োজনের লক্ষ্যে দ্রুত প্রস্তুতি গ্রহণ করতে হবে। এ পুরস্কার বিতরণে সংশ্লিষ্ট কমিটি/উপকমিটি অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করবেন। | যুগ্মসচিব (প্রশাসন) ও প্রধান নির্বাহী/ উপসচিব (প্রশাসন-১) |
| ২.০৩ | **কৃষি নীতি সহায়তা ইউনিট (APSU)**<br>গত ০৮/০২/২০২২ তারিখে কৃষি নীতি সহায়ক ইউনিট (APSU) এর পুনর্গঠনের বিষয়ে অতিরিক্ত সচিব (পরিকল্পনা)-কে সভাপতি করে একটি কমিটি গঠন করা হয়েছে। গত ২১/০৩/২০২২ তারিখে কমিটির প্রথম সভা এবং ২২/০৮/২০২২ তারিখে কমিটির দ্বিতীয় সভা অনুষ্ঠিত হয়েছে। | আপসু পুনর্গঠন বিষয়ে গঠিত কমিটির সুপারিশ অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (পরিকল্পনা)/ যুগ্মসচিব (প্রশাসন) ও সদস্য সচিব/ উপসচিব (প্রশাসন-১) |
| ২.০৪ | **মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের ইন-হাউজ প্রশিক্ষণ**<br>সচিব মহোদয়ের উদ্বোধনের মাধ্যমে মন্ত্রণালয়ের বিভিন্ন কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হয়েছে। নভেম্বর/২০২২ এ ৬১ জন কর্মচারীর ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | প্রশিক্ষণসমূহ নির্ধারিত সময়ে বাজেট বরাদ্দ অনুসারে যথাযথভাবে সম্পন্ন করতে হবে | উপসচিব (প্রশাসন-৩) |
| ২.০৫ | **জাতীয় কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (নাটা) কে শক্তিশালীকরণ**<br>জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) এর টি.ও. এন্ড ই. হালনাগাদ করণের লক্ষ্যে নাটার অস্থায়ীভাবে সৃজিত সকল পদ সংরক্ষণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ০২/০২/২০২২ তারিখ পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক অস্থায়ীভাবে সৃজিত নাটার ৪৫টি পদ সংরক্ষণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজিত ২২ (বাইশ) টি পদের মেয়াদ ০১-০৬-২০২২ হতে ৩১-০৫-২০২২ তারিখ পর্যন্ত সংরক্ষণের সম্মতি জ্ঞাপন করেছে। নাটা হতে অবশিষ্ট ২৩ (তেইশ)টি পদের সংরক্ষণের প্রস্তাব প্রাপ্তি সাপেক্ষে তা জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের কার্যক্রম গ্রহণ করা হবে। পদ সংরক্ষণে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পূর্ণাঙ্গ সম্মতি পাওয়ার পর টি.ও.এন্ড ই. হালনাগাদকরণের প্রস্তাব প্রেরণের জন্য নাটা'কে পত্র প্রেরণ করা হবে। | জাতীয় কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (নাটা) এর সাংগঠনিক কাঠামো যুগোপযোগী ও হালনাগাদকরণের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | উপসচিব (প্রশাসন-৩) |
| ২.০৬ | **প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা কার্যক্রম**<br>সকল সংস্থার ২য় কিস্তির অর্থছাড়ের কাজ সম্পন্ন হয়েছে এবং বিএডিসি'র কর্মসূচি ব্যতিত অন্যান্য সংস্থার কর্মসূচি'র ২য় ত্রৈমাসিক কিস্তির অর্থছাড়ের কাজ সম্পন্ন হয়েছে। | নির্ধারিত সময়ের মধ্যে বাজেটের কার্যক্রম সম্পন্ন করতে হবে। বাজেট বাস্তবায়ন বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে সকল কার্যক্রম গ্রহণ করতে হবে এবং বাজেট অনুসারে অর্থ ছাড় ও ব্যয়ে নজর দিতে হবে। | উপসচিব (প্রশাসন-৪) |
| ২.০৭ | **তথ্য অধিকার আইনের আওতায় তথ্য প্রদান**<br>নভেম্বর/২০২২ মাসে তথ্য অধিকার আইন অনুযায়ী কোন আবেদন পাওয়া যায়নি। | তথ্য অধিকার আইনের আওতায় তথ্য প্রদান নিশ্চিত করতে হবে। এ সংক্রান্ত তথ্য/অগ্রগতি প্রতি মাসে সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | উপসচিব (প্রশাসন-৩) |

| ক্র.নং | বিষয়, বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | | |
| ২.০৮ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর আওতায় তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্ম পরিকল্পনা ১.৪ অনুসারে তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স প্রস্তুত**<br>তথ্য অধিকার সংক্রান্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জানান যে, কৃষি মন্ত্রণালয়ের ক্যাটালগ ইনডেক্স প্রস্তুত করা হয়েছে। | এ বিষয়ে আলোচনান্তে দেখা যায় যে, তথ্যের ক্যাটালগ-ইনডেক্স তৈরি করা হয়েছে। কার্যবিবরণীর একটি কপি প্রমাণক হিসেবে চূড়ান্ত প্রতিবেদনের সাথে দাখিল করার জন্য সংরক্ষণ করা যেতে পারে। | উপসচিব (প্রশাসন-৩) |
| ২.০৯ | **প্রশাসন-৫ অধিশাখার কার্যক্রম**<br>১। কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ২৬ তম বৈঠক গত ১২ ডিসেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী পাওয়া যায়নি।<br><br>২। মন্ত্রিসভা বৈঠকে গৃহীত কৃষি মন্ত্রণালয় সংশ্লিষ্ট ০৩ (তিন)টি সিদ্ধান্ত রয়েছে। সিদ্ধান্তগুলোর বাস্তবায়ন অগ্রগতি ১১/১২/২০২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | ১। জাতীয় সংসদ সংক্রান্ত সকল কার্যক্রম যথাসময়ে সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে।<br><br>২। মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি ত্বরান্বিত করিবার লক্ষ্যে প্রত্যেক সমন্বয় সভায় অগ্রগতি উপস্থাপন করতে হবে এবং কোন পেন্ডিং না থাকলে তা উল্লেখ করতে হবে। | উপসচিব (প্রশাসন-৫) |
| ২.১০ | **কৃষি মন্ত্রণালয়ের সাথে সরাসরি সংশ্লিষ্ট সকল মামলা**<br>১। মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কোর্টের সাথে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রয়েছে।<br><br>২। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপসহকারী কৃষি কর্মকর্তা পদে মামলা দায়ের হয়েছে মোট ৪৮টি। তন্মধ্যে ২০টি মামলা সরকারের পক্ষে রায় হয়েছে। অবশিষ্ট ২৮টি মামলা আদালতে চলমান রয়েছে। অবশিষ্ট মামলাগুলো নিষ্পত্তির লক্ষ্যে সলিসিটর উইং এবং ডিএই'র সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। | ১। সরকারি স্বার্থ সংরক্ষেণের নিমিত্ত মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কোর্টের সাথে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>২। অবশিষ্ট মামলা নিষ্পত্তির লক্ষ্যে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>৩। সরকার পক্ষে জবাব (SF) যথাযথভাবে প্রস্তুত করতে হবে। | যুগ্মসচিব (আইন) |
| ২.১১ | **কৃষি মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার বিভিন্ন আইনের সংকলন**<br>গত ২৮/০৮/২০২২ তারিখে আইনের সংকলন ৩০০ কপি সরবরাহের জন্য কৃষি তথ্য সার্ভিসে (এআইএস) পত্র প্রেরণ করা হয়। সে অনুযায়ী গত ০১/০৯/২০২২ তরিখে কৃষি তথ্য সার্ভিস হতে সংকলন প্রেরণ করা হলে কিছু ত্রুটি পরিলক্ষিত হয় উক্ত ত্রুটি সংশোধনের নিমিত্ত পুনরায় ০৬/০৯/২০২২ তারিখে সংকলনটি কৃষি তথ্য সার্ভিসে প্রেরণ করা হয়। ২৮/০৯/২০২২ তারিখে কৃষি তথ্য সার্ভিসের প্রতিনিধি আইন সংকলনের ত্রুটি-বিচ্যুতি নিয়ে আলোচনা করেন। গত ৩০/১১/২০২২ তরিখে কৃষি তথ্য সার্ভিসে চূড়ান্তভাবে প্রকাশের জন্য পুনরায় প্রেরণ করা হয়েছে। তারা জানান যে, শিঘ্রই ত্রুটি-বিচ্যুতি সংশোধন করে আইনের সংকলনটি মন্ত্রণালয়ে পাঠানো হবে। | কৃষি মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার অদ্যাবধি প্রণীত আইনের সংকলনের মোড়ক উন্মোচন অনুষ্ঠানের পর সংশ্লিষ্ট সকলের নিকট কপি প্রেরণ নিশ্চিত করতে হবে। | যুগ্মসচিব (আইন) |
| ২.১২ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন ও জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন**<br>১। কৃষি মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর ২য় প্রান্তিকের (অক্টোবর/২২-ডিসেম্বর/২২) কার্যক্রম চলমান রয়েছে। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সকল সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের | সকল অনুবিভাগ প্রধান এবং |

| ক্র.নং | বিষয়, বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ২। কৃষি মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (এনআইএস) এর ২য় প্রান্তিকের (অক্টোবর/২২-ডিসেম্বর/২২) কার্যক্রম চলমান রয়েছে। | তথা মূল উদ্দেশ্য প্রথম হওয়ার জন্য সকল অনুবিভাগ-কে সক্রিয় থাকতে হবে। | যুগ্মসচিব (বাজেট ও মনিটরিং) |
| ২.১৩ | **সিটিজেন চার্টার বাস্তবায়ন**<br>কৃষি মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতির ২য় প্রান্তিকের (অক্টোবর/২২-ডিসেম্বর/২২) কার্যক্রম চলমান রয়েছে। | সিটিজেন চার্টার অনুযায়ী সকল শাখা অধিশাখার কার্যক্রম সম্পন্ন করতে হবে। | শাখা/ অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ |
| ২.১৪ | **অভিযোগ প্রতিকার ব্যবস্থা, নাগরিক সেবায় উদ্ভাবন ও সেবা পদ্ধতি সহজীকরণ**<br>১। অভিযোগ প্রতিকার ব্যবস্থা এর ফোকাল পয়েন্টের নিকট নভেম্বর/২০২২ অনলাইনে ১২টি অভিযোগ পাওয়া গেছে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। অফলাইনে কোন অভিযোগ পাওয়া যায়নি।<br>২। নভেম্বর/২০২২ মাসে এ মন্ত্রণালয়ে সেবা সহজীকরণ বিষয়ে কোনো তথ্য পাওয়া যায়নি। | ১। অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) এর প্রাপ্ত তথ্য/অগ্রগতি প্রতি মাসে সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।<br>২। নাগরিক সেবায় উদ্ভাবন বা সেবা পদ্ধতি সহজীকরণ বিষয়ে গৃহিত কার্যক্রম প্রশাসন-১ শাখাকে অবহিত করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন)<br>সংশ্লিষ্ট শাখা/ অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| ২.১৫ | **মন্ত্রণালয়ের ওয়েবসাইট নিয়মিত আপডেটকরণ ও ই-ফাইলিং বাস্তবায়ন**<br>১। মন্ত্রণালয়ের ওয়েবসাইট নিয়মিত আপডেট করা হচ্ছে। অক্টোবর, ২০২২ মাসে ০১টি সারের বরাদ্দ সংক্রান্ত/প্রতিবেদন, ০১টি বীজের মজুদ পরিস্থিতি, ১৪৬ টি অফিস আদেশ, প্রজ্ঞাপন, জি.ও, যোগদান প্রতিবেদন, ৫১টি সভার বিজ্ঞপ্তি/কার্যবিবরণী, ০৪টি খবর, ০৯টি হোম স্লাইডে ছবি সংযুক্ত, ২৩টি ইভেন্ট ক্যালেন্ডার, ০৭টি সেবাবক্স, ০১টি ব্যানার এবং ০৯টি ফটো গ্যালারীসহ অন্যান্য বিষয়ে তথ্য আপলোড করা হয়েছে।<br>২। নিয়মিত ই-ফাইল নিষ্পত্তি হারের তথ্য প্রশাসন-১ শাখায় প্রেরণ করা হচ্ছে।<br>৩। কোন রিকুইজিশন পাওয়া যায়নি।<br>৪। তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। | ১। কৃষি মন্ত্রণালয়ের প্রচারযোগ্য তথ্যাদি নিয়মিত ওয়েবসাইটে প্রকাশ, আপডেট এবং মনিটরিং করতে হবে। ওয়েবসাইট প্রতিনিয়ত হালনাগাদ করতে হবে।<br>২। ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ৮৫% **ই-ফাইলে নোট নিষ্পত্তির** লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। ই-নথি ব্যবস্থাপনায় কোনো সমস্যা বা শাখা/অধিশাখা/ দপ্তরের কোনো কর্মকর্তা/কর্মচারীর প্রশিক্ষণের প্রয়োজন হলে তা সমাধানের লক্ষ্যে আইসিটি সেল বরাবর রিকুইজিশন প্রেরণ করতে হবে।<br>৪। মন্ত্রণালয়ের তথ্য বাতায়ন হালনাগাদ করার জন্য সকল তথ্য যথাসময়ে আইসিটি সেলে প্রেরণ করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন)/ আইসিটি ফোকাল পয়েন্ট / সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল)<br>সংশ্লিষ্ট সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা<br>সংশ্লিষ্ট সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা /সহকারী প্রোগ্রামার (আইসিটি সেল)<br>সংশ্লিষ্ট সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| ২.১৬ | **কৃষি মন্ত্রণালয়ের কৃষি বিষয়ক ইউটিউব চ্যানেল ব্যবস্থাপনা**<br>কৃষি মন্ত্রণালয়ের ইউটিউব চ্যানেলে ৪টি নতুন ভিডিও আপলোড করা হয়েছে: | ১। কৃষি মন্ত্রণালয়ের ইউটিউটব চ্যানেলের প্রচার বৃদ্ধির লক্ষ্যে | |

| ক্র.নং | বিষয়, বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | মৃত্তিকা দিবস ২০২২ এর ডকুমেন্টারি আপলোড করা হয়েছে। এছাড়োা এআইএস হতে সংগৃহীত সরিষার আবাদ বাড়ানো, ধান চাষে অর্গানিক সার, ফসল চাষে ভূ উপরিস্থিত পানির ব্যবহার শীর্ষক ভিডিও আপলোড করা হয়েছে।<br>এছাড়াও মুজিব বর্ষের অঙ্গীকার, কৃষি হবে দুর্বার এআইপি, এপিআরসিসহ বিভিন্ন মেলা, চাষাবাদের মোট ১৫৬ টি ভিডিও রয়েছে। চ্যানেলটিতে বর্তমানে সাবস্ক্রাইবারের সংখ্যা ২৬৭০ জন। চ্যানেলটি মোট ভিউ হয়েছে ১১৪,০২৩ বার। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>২। কৃষি বিষয়ক নতুন কোন ভিডিও প্রস্তুত করা হলে তা ওয়েবসাইটে এবং ইউটিউব চ্যানেলে আপলোড করতে হবে। | সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল) |
| **সম্প্রসারণ অনুবিভাগ** | | | |
| ২.১৭ | **কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (ATI) বিষয়ক আলোচনা**<br>স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর সাথে যোগাযোগ করে জানা যায় যে, 'One Umbrella Concept' এর আওতায় মেডিক্যাল টেকনোলজি ও নার্সিং সংক্রান্ত সকল শিক্ষা কার্যক্রম স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক পরিচালনা করার বিষয়টি অন্তর্ভুক্ত করে কারিগরি শিক্ষা বোর্ড আইন ২০১৮ সংশোধন করে ০৪/১১/২০২০ তারিখে গেজেট প্রকাশ করা হয়েছে। ইতোমধ্যে স্বাস্থ্য মন্ত্রণালয় হতে তথ্যাদি সংগ্রহ করা হয়েছে। কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (ATI) কে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে প্রত্যাহার পূর্বক স্বতন্ত্রভাবে কৃষি মন্ত্রণালয়ের কারিকুলাম অনুযায়ী পরিচালনার বিষয়ে ০৯ মার্চ ২০২১ তারিখে সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগকে একটি ডি.ও পত্র প্রদান করা হয়েছে। পরবর্তীতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে ১৮ মে ২০২১ তারিখে পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক কৃষি ডিপ্লোমা কোর্স কারিকুলাম প্রণয়নসহ কোর্সের সকল শিক্ষা কার্যক্রম কারিগরি শিক্ষা বোর্ডের পরিবর্তে কৃষি মন্ত্রণালয় কর্তৃক পরিচালনার জন্য প্রেরিত প্রস্তাবনা পর্যালোচনা করে সুপারিশসহ প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটিতে কৃষি মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে যুগ্মসচিব (সম্প্রসারণ)-কে মনোনয়ন প্রদান করা হয়। বর্ণিত বিষয়ে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে ১৯ আগস্ট ২০২১ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় পরবর্তীতে আরও সভার মাধ্যমে বিষয়টি নিষ্পন্ন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটে কৃষি ডিপ্লোমাধারী শিক্ষার্থীদের জন্য বর্তমান প্রচলিত সিলেবাস/শিক্ষাক্রম যুগোপযোগী করার লক্ষ্যে নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল-কে আহবায়ক করে একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করা হয়েছে। কমিটি আগামী ৩ মাসের মধ্যে প্রচলিত সিলেবাস/শিক্ষাক্রম যুগোপযোগী করে প্রতিবেদন আকারে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করবে। বর্ণিত বিষয়ে ১৯ ডিসেম্বর ২০২২ তারিখে একটি তাগিদপত্র প্রেরণ করা হয়েছে। | ১। কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (ATI) কে স্বতন্ত্রভাবে কৃষি মন্ত্রণালয়ের কারিকুলাম অনুযায়ী পরিচালনার বিষয়ে কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>২। কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (ATI) এর প্রচলিত সিলেবাস/শিক্ষাক্রম যুগোপযোগী করার নিমিত্ত গঠিত কমিটিকে দ্রুত প্রতিবেদন আকারে প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>৩। একটি বিশেষজ্ঞ প্যানেল দ্বারা কারিকুলাম প্রস্তুত করতে হবে। | অতিরিক্ত সচিব (সম্প্রসারণ)/ নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল |
| ২.১৮ | **বীজ প্রত্যয়ন এজেন্সীকে (SCA) শক্তিশালীকরণ**<br>১। গত ২৪/০২/২০২২ তারিখে অনুষ্ঠিত প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভায় বীজ প্রত্যয়ন এজেন্সীর নিয়োগবিধি অনুমোদিত হয়েছে। উক্ত সভার কার্যবিবরণী পাওয়া গেছে। পরবর্তী কার্যক্রম হিসেবে পরামর্শ প্রদান করার জন্য বাংলাদেশ সরকারি কর্ম কমিশনে ০৭/০৯/২০২২ তারিখে পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন কর্তৃক | ১। বীজ প্রত্যয়ন এজেন্সীর নিয়োগবিধি চূড়ান্ত করার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে যোগাযোগ রাখতে হবে। | অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) |

| ক্র.নং | বিষয়, বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ২৩/১১/২০২২ তারিখে নির্ধারিত চেকলিস্ট অনুযায়ী কাগজপত্র/তথ্যাদি চাওয়া হয়। তৎপ্রেক্ষিতে ০৬/১২/২০২২ তরিখে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন কর্তৃক চাহিত তথ্যাদি প্রেরণের জন্য পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বরাবর পত্র প্রেরণ করা হয়।<br><br>২। সিড রেগুলেটরি রিফর্ম কমিটি কর্তৃক বীজ আইন, ২০১৮ সংশোধনের খসড়া প্রস্তাব পাওয়া গেছে।<br>খসড়া প্রস্তাব চূড়ান্তকরণের জন্য গত ০৭/০৯/২০২২ তারিখ সচিব মহোদয়ের সভাপতিত্বে অংশীজনদের নিয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় পুনরায় SPRC পুন:বিন্যস্ত করে বীজ ডিলারদের প্রতিনিধি, কৃষক প্রতিনিধিদের অন্তর্ভুক্ত করে BARC নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে সভা করে পুনরায় বীজ আইন, ২০১৮ এর সংশোধনী প্রস্তাব তৈরি করে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে বীজ আইন, ২০১৮ সংশোধনের বিষয়ে দ্রুত কার্যক্রম গ্রহণ করতে ২২/১২/২০২২ তারিখে চেয়ারম্যান, BARC এর সভাপতিত্তে একটি সভা আহ্বান করা হয়। | ২। বীজ আইন, ২০১৮ সংশোধনের বিষয়ে দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে। | মহাপরিচালক (বীজ) |
| ২.১৯ | **জাতীয় উদ্ভিদ সংগনিরোধ কর্তৃপক্ষ প্রতিষ্ঠা**<br>জাতীয় উদ্ভিদ সংগনিরোধ উইং কে একটি স্বাধীন কর্তৃপক্ষ হিসেবে গঠন করার লক্ষ্যে জাতীয় উদ্ভিদ সংগনিরোধ অধিদপ্তর হিসেবে গঠনের জন্য ২৪/০২/২০২১ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। অদ্যাবধি সভার সিদ্ধান্তের আলোকে গৃহীত কার্যক্রম মন্ত্রণালয়ে অবহিত করা হয়নি। বর্ণিত বিষয়ে গৃহীত কার্যক্রম অবহিত করার জন্য ১৯/১১/২০২২ তারিখে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে তাগিদপত্র প্রেরণ করা হয়েছে। | জাতীয় উদ্ভিদ সংগনিরোধ কর্তৃপক্ষ প্রতিষ্ঠার লক্ষ্যে দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে। প্রয়োজনে এ বিষয়ে দ্রুত ওয়ার্কশপ/ সেমিনার আয়োজন করে সকল স্টেক হোল্ডারের মতামত গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) |
| | **গবেষণা অনুবিভাগ** | | |
| ২.২০ | **বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারি) চাকুরি প্রবিধানমালা, ২০২২ চূড়ান্তকরণ**<br>বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারি) চাকুরি প্রবিধানমালা, ২০২২ এর বিষয়ে মতামতের জন্য ২৮/০৬/২০২১ তারিখে বিএআরসি'র মতামতের জন্য খসড়া প্রবিধানমালা প্রেরণ করা হয়। ব্রি এর চাকুরি প্রবিধানমালা-২০২২ এর উপর গত ২৭/০৩/২০২২ তারিখ বিএআরসি হতে পূর্ণাঙ্গ মতামত পাওয়া যায়। সে প্রেক্ষিতে ০৭/০৬/২০২২ তারিখে সচিব, কৃষি মন্ত্রণালয় মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারি) চাকুরি প্রবিধানমালা, ২০২২ এর প্রস্তাব ১৮/০৯/২০২২ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে ইতোমধ্যে ০৯/১১/২০২২, ১৭/১১/২০২২, ২৭/১১/২০২২ এবং ১৯/১২/২০২২ তারিখে মোট চারটি সভা অনুষ্ঠিত হয়েছে। | বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারি) চাকুরি প্রবিধানমালা, ২০২২ এর বিষয়ে দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপসচিব (গবেষণা-৩) |
| | **সার ব্যবস্থাপনা ও উপকরণ অনুবিভাগ** | | |
| ২.২১ | **বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর রাজস্বখাতের অনুমোদিত ৬৮০০টি পদের বেতন স্কেল ভূতাপেক্ষ সম্মতি**<br>গত ৮ সেপ্টেম্বর ২০২১ তারিখের ২৬৬ স্মারকের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর রাজস্বখাতের অনুমোদিত | | |

| ক্র.নং | বিষয়, বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ৬৮০০টি পদের বেতন স্কেল ভূতাপেক্ষ সম্মতির জন্য গত ১৫ সেপ্টেম্বর ২০২১ তারিখে অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে ২১/১২/২০২১ তারিখে অর্থ বিভাগে অনুষ্ঠিত পর্যালোচনা সভার সিদ্ধান্ত অনুযায়ী তথ্যাদি প্রেরণের জন্য বিএডিসি-তে গত ২০/৩/২২ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে ২৭/৬/২০২২ তারিখে তাগিদ প্রদান করা হয়েছে। গত ১০/০৮/২০২২ তারিখে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভায় সচিব মহোদয় বলেন যে বিএডিসি'র বেতনভেটিং সম্পন্ন না হওয়া পর্যন্ত পদ সৃজন, প্রবিধানমালা ইত্যাদি বিষয়সমূহ নিষ্পন্ন করা যাবে না। সেজন্য সচিব মহোদয় রাজস্বখাতে অনুমোদিত ৬৮০০টি পদের বেতন স্কেলভেটিং এর কাজ দ্রুত নিষ্পত্তির নির্দেশনা প্রদান করেন। তদপ্রেক্ষিতে বিএডিসি হতে স্কেলভেটিং এর প্রস্তাব প্রেরণ করে। প্রস্তাবের উপর পর্যালোচনা/পরীক্ষা-নিরীক্ষাপূর্বক চূড়ান্তকরণের নিমিত্ত অতিরিক্ত সচিব (সার ব্যবস্থাপনা ও উপকরণ), কৃষি মন্ত্রণালয় এর সভাপতিত্বে ০২/১১/২০২২ তারিখে একটি সভা আয়োজন করা হয়েছে। সভার নির্দেশনা অনুযায়ী বিএডিসি হতে ২০/১২/২০২২ তরিখে প্রস্তাব পাওয়া গেছে, কার্যক্রম চলমান আছে। | বিএডিসি'র সাংগঠনিক কাঠামোর বিষয়ে বিএডিসি ও অর্থ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (সার ব্যবস্থাপনা ও উপকরণ)/ উপসচিব (উপকরণ-১) |
| ২.২২ | **'বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর সাংগঠনিক কাঠামো পুনর্গঠনের লক্ষ্যে রাজস্বখাতে ২৯৮৬টি নতুন পদ সৃজন**<br>বিএডিসি'র সাংগঠনিক কাঠামো পুনর্গঠনের লক্ষ্যে রাজস্বখাতে পদ সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতির পরিপ্রেক্ষিতে ২৯৮৬টি পদ অস্থায়ীভাবে সৃজন এবং ৪৩১টি পদ বিলুপ্তিতে সম্মতি প্রদান এবং বেতন স্কেল নির্ধোরণের প্রস্তাব ২১/১০/২০২০ তারিখে অর্থ বিভাগে প্রেরণ করা হলে ১০/১১/২০২০ তারিখে অর্থ বিভাগ হতে কতিপয় তথ্যাদি চেয়ে এ মন্ত্রণালয়ে পত্র দেয়া হয়। অর্থ বিভাগের চাহিদা মোতাবেক তথ্যাদি ও কাগজপত্রাদি প্রেরণের জন্য ১৬/১১/২০২০ তারিখে বিএডিসি বরাবর পত্র দেয়া হয়েছে। পরবর্তীতে ২৭/০৬/২০২২ তারিখে তাগিদ প্রদান করা হয়েছে। | বিএডিসি'র সাংগঠনিক কাঠামোর অনুমোদন গ্রহণের লক্ষ্যে বিএডিসি ও অর্থ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | উপসচিব (উপকরণ-১) |
| ২.২৩ | **'বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৯' প্রণয়ন**<br>কৃষি মন্ত্রণালয়ের ২২/০৬/২০২০ তারিখের পত্রের প্রেক্ষিতে খসড়া প্রবিধানমালা বিএডিসি কর্তৃক পুন:পরীক্ষান্তে ১২/০৮/২০২০ তারিখে প্রেরণ করা হয়। প্রবিধানমালাটি যাচাই বাছাইপূর্বক চূড়ান্তকরণের নিমিত্ত ২৩/০৯/২০২০ তারিখে অতিরিক্ত সচিব (সার ব্যবস্থাপনা ও উপকরণ) মহোদয়ের সভাপতিতে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী সুনির্দিষ্টভাবে প্রয়োজনীয় তথ্যাদি/কাগজপত্রাদিসহ প্রবিধানমালাটি পুনরায় জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় যা ০৩/১১/২০২০ তারিখে বিএডিসিকে জানিয়ে দেয়া হয়েছে। বিএডিসি প্রবিধানমালার প্রস্তাব প্রেরণ করেছে। বেতনভেটিং এর কার্যক্রম সম্পন্ন হওয়ার পর প্রবিধানমালার কার্যক্রম গ্রহণ করা হবে। | বিএডিসি'র কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৯ প্রণয়ন এর বিষয়ে বিএডিসি ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহাত রাখতে হবে। | উপসচিব (উপকরণ-১) |
| ২.২৪ | **বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ) এর রাজস্বখাতে পদ সৃজন**<br>বিএমডিএর রাজস্বখাতে ১৯১১টি পদ সৃজন সংক্রান্ত প্রস্তাবটি ৩১/০৮/২০২১ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে কতিপয় তথ্য প্রেরণের জন্য অনুরোধ করা | | |

| ক্র.নং | বিষয়, বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | হয়। সে প্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদার আলোকে গত ২১/১১/২০২১ তারিখে কতিপয় তথ্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। পরবর্তীতে জনপ্রশাসন মন্ত্রণালয় গত ১৪ ফেব্রুয়ারি ২০২২ তারিখে কতিপয় তথ্যাদি চেয়ে পত্র প্রেরণ করলে তা গত ০৮/৬/২০২২ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় গত ১৪/৮/২০২২ তারিখে পুনরায় কতিপয় তথ্য চেয়ে পত্র প্রেরণ করে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিত তথ্যাদির প্রেরণের জন্য বিএমিডিএ-কে ২৫/৮/২০২২ তারিখে পত্র প্রেরণ করা হয়। গত ২৮/১১/২০২২ তারিখে বিএমডিএ হতে প্রস্তাব পাওয়া গেছে। পরবর্তীতে প্রস্তাবটি ১৮/১২/২০২২ ইং তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ) এর রাজস্ব খাতে পদ সৃজন সংক্রান্ত প্রস্তাবের কার্যক্রম বিষয় জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | উপসচিব (উপকরণ-১) |
| | **পিপিসি অনুবিভাগ** | | |
| ২.২৫ | **4th industrial revolution কর্মশালার কার্যক্রম**<br><br>৩১/১০/২০২২ তারিখে মাননীয় মন্ত্রী মহোদয়ের অনুমোদনক্রমে 4IR কর্মপরিকল্পনাটি জারি করা হয়েছে ও মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। একইসাথে কর্মপরিকল্পনাটি পুস্তিকাকারে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য AIS কে পত্র প্রেরণ করা হয়েছে। AIS এরই মধ্যে কর্মপরিকল্পনাটি পুস্তিকাকারে প্রকাশ করেছে। | 4th industrial revolution কর্মশালার সুপারিশের ভিত্তিতে কর্মপরিকল্পনা জারি করতে হবে। | অতিরিক্ত সচিব (পিপিসি)/ উপসচিব (নীতি-৩) |
| | **নিরীক্ষা অনুবিভাগ** | | |
| ২.২৬ | **অডিট আপত্তি নিষ্পত্তি**<br>১৭টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। ১১টি অডিট আপত্তি নিয়ে অডিট অধিদপ্তরের সাথে গত ২৫/০৪/২০২২ তারিখে দ্বিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় ০৮টি আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হয়েছে এবং ০৩টি আপত্তির পুন:ব্রডশীট জবাব প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ইতোমধ্যে সভার সিদ্ধান্ত অনুযায়ী সভার কার্যবিবরণী এবং পুনব্রডশীট জবাব অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। এছাড়াও গত ০৭/০৬/২০২২ তারিখে কৃষি মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থবছরের অডিট প্রতিবেদনে ১টি SFI এবং ৫টি Non SFI অডিট আপত্তি উত্থাপিত হয়েছে। আপত্তিসমূহের জবাব অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছিল। কিন্তু Non SFI ০৪টি আপত্তির পুন:জবাব প্রেরণের জন্য অডিট অধিদপ্তর হতে অনুরোধ জানানো হয়েছে। সে প্রেক্ষিতে প্রশাসন-২ অধিশাখা হতে ৩টি এবং প্রশাসন-১ শাখা হতে ১টি মোট ০৪টি অডিট আপত্তির জবাব পাওয়া গেছে। যা ১৬ অক্টোবর ২০২২ তারিখ এবং ৩১ অক্টোবর ২০২২ তারিখে কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। | মন্ত্রণালয় সংশ্লিষ্ট অডিট আপত্তিগুলো দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। প্রয়োজনে ত্রিপক্ষীয় সভা আহ্বান করতে হবে। অডিট অধিদপ্তরের সাথে মন্ত্রণালয়ের যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (নিরীক্ষা) |
| | **পরিকল্পনা অনুবিভাগ** | | |
| ২.২৭ | ২০২২-২৩ অর্থ-বছরের অননুমোদিত প্রকল্পসমূহের নভেম্বর/২০২২ মাসের কার্যক্রম নিম্নরূপ:<br>ক্রম \| অগ্রগতি \| সংখ্যা<br>১ \| অননুমোদিত প্রকল্প \| ০৫ | মাসিক সমন্বয় সভার কার্যপত্রে অন্তর্ভুক্তির লক্ষ্যে মন্ত্রণালয়ের অনুমোদিত প্রকল্প সংক্রান্ত তথ্যাদি ছক আকারে এবং সংস্থা পর্যায়ে | অতিরিক্ত সচিব (পরিকল্পনা)/ সংশ্লিষ্ট (শাখা/ |

| ক্র.নং | বিষয়, বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ২ — একনেক সভা/মাননীয় মন্ত্রীর চূড়ান্ত অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে অপেক্ষামান — ০১<br>৩ — পিইসি সম্পন্নের পর প্রেরিত — ০২<br>৪ — পিইসি সম্পন্ন হওয়ার পর পুনর্গঠনের জন্য সংস্থায় প্রক্রিয়াধীন — ০৭<br>৫ — পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন (যেগুলো প্রকল্পের এখনও PEC সভা অনুষ্ঠিত হয়নি) — ০৫<br>৬ — জনবল সম্পন্নের পর ডিপিপি সংস্থায় প্রক্রিয়াধীন — ০৩<br>৭ — জনবল সম্পন্নের জন্য/অর্থায়ন প্রস্তাব অনুমোদনের জন্য অর্থ বিভাগে প্রক্রিয়াধীন — ০১<br>৮ — যাচাই সম্পন্নের পর ডিপিপি পুনর্গঠনের জন্য সংস্থায় প্রক্রিয়াধীন — ২৪<br>৯ — মন্ত্রণালয়ে প্রাথমিক পর্যালোচনার পর সংস্থায় প্রক্রিয়াধীন — ২৩<br>১০ — অননুমোদিত প্রকল্প তালিকায় অন্তর্ভুক্তির জন্য কার্যক্রম বিভাগে প্রক্রিয়াধীন — ০৮<br>১১ — কৃষি মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন — ০৯<br>মোট — ৮৮ | প্রক্রিয়াধীন প্রকল্পের ক্ষেত্রে বিস্তারিত তথ্য অন্তর্ভুক্ত করে মাসভিত্তিক অগ্রগতি প্রতি মাসের ১০ তারিখের মধ্যে ই-ফাইল/ই-মেইল (admin1@moa.gov.bd) এর মাধ্যমে প্রশাসন-১ শাখায় প্রেরণ করতে হবে। | অধিশাখার) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ |
| | **বীজ অনুবিভাগ** | | |
| ২.২৮ | **সিড ভিশন, ২০৩০ প্রণয়ন**<br>জাতীয় বীজ বোর্ডের ১০৬তম সভায় সিড ভিশন, ২০৩০ প্রণয়নের সময়সীমা এপ্রিল/২০২২ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। ইতোমধ্যে সিড ভিশন, ২০৩০ খসড়া ড্রাফট করা হয়েছে। গত ১৬/০৮/২০২২ তরিখে BARC এ Seed Vision 2030 শীর্ষক একটি Validation Workshop অনুষ্ঠিত হয়েছে, উক্ত Workshop এর Procedings অনুযায়ী একটি সাব কমিটি গঠিত হয়েছে। সাব কমিটি Seed Vision 2030 চূড়ান্ত করবে। | সীড ভিশন-২০৩০ সুষ্ঠুভাবে প্রণয়নের লক্ষ্যে এ সংক্রান্ত কমিটির সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাপরিচালক (বীজ অনুবিভাগ) |
| | **বিবিধ** | | |
| ২.২৯ | **মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারিদের স্থান সংকুলান ও সার্বিক কর্মপরিবেশ উন্নয়ন**<br>কৃষি মন্ত্রণালয়ের ৫ম ও ৬ষ্ঠ তলার কক্ষসমূহ মেরামত ও সংস্কারের লক্ষ্য গণপূর্ত বিভাগের বার্ষিক ক্রয় পরিকল্পনার অন্তর্ভুক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে এছাড়াও যুগ্মসচিব (উপকরণ), প্রশাসন-৩ এবং আইসিটি সেল-এ বসার ব্যবস্থা ও সংস্কার করা হয়েছে। | মন্ত্রণালয়ের কর্মকর্তা ও কর্মচারিদের অফিস কক্ষের জায়গা সংকুলান এবং মন্ত্রণালয়ের কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২) |
| ২.৩০ | **কৃষি মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাস/ পুনর্গঠন বিষয়ে আলোচনা**<br>কৃষি মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামো পুনর্গঠন বিষয়ে ২৮/১২/২০২১ তারিখে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত অনুযায়ী সাংগঠনিক কাঠামো পরিবর্তন/ পরিমার্জন/ সংশোধনক্রমে ৯ম গ্রেড ও তদূর্ধ্ব গ্রেডের পদসমূহ প্রদর্শনপূর্বক | কৃষি মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামো পুনর্গঠন বিষয়ে দ্রুত সভা | অতিরিক্ত সচিব |

| ক্র.নং | বিষয়, বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ১০২টি পদ অন্তর্ভুক্তকরণ বিষয়ে মন্ত্রণালয়ের অনুবিভাগসমূহ হতে মতামত প্রদানের নিমিত্ত ১৭/০২/২০২২ তারিখে ইউও নোট, ২৭/০৪/২০২২ তারিখে তাগিদপত্র-১ ও ০৯/০৬/২০২২ তারিখে তাগিদপত্র-২ প্রদান করা হয়। সে প্রেক্ষিতে অনুবিভাগসমূহ হতে মতামত পাওয়া গেছে। APSU পুনর্গঠন এর ২য় সভা ২২/০৮/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে। গত ১৯/১০/২০২২ তারিখে সাংগঠনিক কাঠামো চূড়ান্তকরণ বিষয়ে একটি সভা আহ্বান করা হলেও অনিবার্য কারণে সভাটি অনুষ্ঠিত হয়নি। পরবর্তিতে সভার তারিখ নির্ধারণ করা হবে। | আহ্বান করতে হবে এবং শীঘ্রই সাংগঠনিক কাঠামো চূড়ান্ত করতে হবে। | (প্রশাসন)/ যুগ্মসচিব (প্রশাসন) |
| ২.৩১ | **বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়**<br>বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয় করার লক্ষ্যে সকল কর্মকর্তা/ কর্মচারীগণকে আন্তরিক হওয়ার জন্য নির্দেশ প্রদান করা হয়। | বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয় করার লক্ষ্যে সকল কর্মকর্তা/ কর্মচারীগণকে অপচয় রোধ করতে হবে। | সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী |
| ২.৩২ | **প্রতিবেদন/তথ্য প্রেরণ**<br>মন্ত্রী/সচিব মহোদয় পর্যায়ে অনুমোদনযোগ্য বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তরে প্রেরিতব্য প্রতিবেদন/তথ্যে শাখা কর্মকর্তাগণ স্বাক্ষর/অনুস্বাক্ষর প্রদান করছেন। | মন্ত্রী/সচিব মহোদয় পর্যায়ে অনুমোদনযোগ্য নথিতে বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তরে প্রেরিতব্য প্রতিবেদন/তথ্যে শাখা কর্মকর্তাগণ স্বাক্ষর করবেন। | সংশ্লিষ্ট সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |

৩.০ পরিশেষে সকলকে স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক এবং অন্যান্য কাজ সম্পন্ন করার আহ্বান ও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯/১১/২০২২

(মো: সায়েদুল ইসলাম)
সচিব
কৃষি মন্ত্রণালয়।